# প্রথম সাময়িক পরীক্ষা-২০১৫ইং

## শ্রেণি ঃ পঞ্চম

## বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

সময় ঃ ২ ঘন্টা | পূর্ণমান ঃ ১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ ঃ ১×৫০=৫০

১) আল আসমাউল হুসনা বলা হয় কাকে?
ক) মানুষের গুণাবলিকে খ) ফেরেস্তার গুণাবলিকে
গ) আল্লাহর গুণাবলিকে ঘ) নবি গণের গুণাবলিকে

২) কাদীরুন শব্দের অর্থ কী?
ক) সর্বশক্তিমান খ) সর্বশ্রোতা গ) সর্বদ্রষ্টা ঘ) সৃষ্টিকর্তা

৩) রোজা অবস্থায় আমরা লুকিয়ে লুকিয়ে কিছু খেয়ে ফেলি না কেন?
ক) মানুষ মন্দ বলে খ) এতে পেট ভরে না
গ) আল্লাহ সবই দেখেন ঘ) এতে পেটে অসুখ হয়

৪) আমলনামা সর্ম্পকে প্রকৃত ধারণাটি কী?
ক) মানুষের সারাজীবনের কৃতকর্মের হিসাব খ) আচার আচরণের সমষ্টি
গ) ভালো কাজের হিসাব ঘ) মন্দ কাজের হিসাব

৫) কবরে মৃত ব্যক্তিকে কয়টি প্রশ্ন করা হবে?
ক) ৪টি খ) ২টি গ) ৩টি ঘ) ৫টি

৬) তোমার ছোট ভাই তোমার সঙ্গে একটি মন্দ আচরণ করছে। তুমি কী করবে?
ক) সাথে সাথে শাস্তি দেবে খ) ঘর থেকে বের করে দেব
গ) তার প্রতি সহনশীল হব ঘ) কখনই কিছুই বলব না

৭) শিক্ষক ধরতে না পারলেও তুমি পরীক্ষার হলে নকল করবে না। কারণ-
ক) এতে বেশি নম্বর পাওয়া যায় না খ) মহান আল্লাহকে ফাঁকি দেওয়া যায় না
গ) ফাঁকি দিয়ে বড় হওয়া যায় না ঘ) শিক্ষককে ঠকালে অভিশাপ পাওয়া যায়

৮) নাদিম একজন নও মুসলিম। সে ইসলামের দ্বিতীয় মৌলিক বিশ্বাস সর্ম্পকে জানতে চায়। তাকে তুমি কোনটি বলবে?
ক) তাওহিদ খ) রিসালাত গ) তকদির ঘ) আখিরাত

৯) কবরে সর্বপ্রথম কোন প্রশ্নটি করা হবে?
ক) তোমার দীন কী? খ) তোমার রব কে?
গ) তোমার পিতা কে? ঘ) তোমার নবি কে?

১০) জনাব সাব্বির আহমদ আখিরাতে বিশ্বাস করেন এবং দুনিয়াতে পাপ কাজ থেকে বিরত থাকেন। এর ফলে পরকালে তার স্থান হবে কোথায়?
ক) জাহান্নামে খ) হুতামাম গ) জান্নাতে ঘ) জাহিমে

১১) আল্লাহ তায়ালা এই বিশ্বজগতের সবকিছুই একদিন ধ্বংস করে দিবেন। দিনটির নাম হলো- ক) কিয়ামত খ) হাশর গ) আখিরাত ঘ) মিযান

১২) তুমি সবসময় সত্য কথা বল। মিথ্যা বলা থেকে বিরত থাক। তোমাকে এই মহৎ কাজে উৎসাহিত করেছে-

ক) রিসালাতে বিশ্বাস খ) তাকদিরে বিশ্বাস
গ) আখিরাতে বিশ্বাস ঘ) তাওহিদে বিশ্বাস

১৩) ইসলাম কোনটি বলে?
ক) ধনীদেরকে যাকাত দাও খ) সবসময় সত্য কথা বল
গ) সর্বসময় মিথ্যা কথা বল ঘ) অন্যায় কাজ কর

১৪) মুমিন মুসলমানদের প্রধান বৈশিষ্ট্য হল-
ক) ধৈর্য খ) বিশ্বাস গ) সৌভাগ্য ঘ) ভালোবাসা

১৫) গাছপালা বাতাস থেকে কী গ্রহণ করে?
ক) অক্সিজেন খ) কার্বন ডাই অক্সাইড গ) নাইট্রোজেন ঘ) হাইড্রোজেন

১৬) আমরা বাতাস থেকে কী গ্রহণ করি?
ক) নাইট্রোজেন খ) অক্সিজেন গ) কার্বন ডাই অক্সাইড ঘ) হাইড্রোজেন

১৭) কূপ ও নলকূপের পানি কী রকম?
ক) দূষিত খ) বিশুদ্ধ গ) লবণাক্ত ঘ) ঠান্ডা

১৮) আমরা কী বলে আল্লাহর শোকর আদায় করব?
ক) আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন খ) সুবহানাল্লাহ
গ) সুবহানা রাব্বিয়াল আলা ঘ) সুবহানা রাব্বিয়াল আজীম

১৯) তোমার বন্ধুর পায়ে প্রচন্ড ব্যথা এবং দাঁড়াতে পারছে না। যখন নামাজ আদায় করবে তখন সে কী করবে?
ক) নামাজ পড়বে না খ) দাঁড়ানোর অংশটি উপেক্ষা করবে
গ) বসেই রুকু করবে ঘ) পা ভাল হওয়া পর্যন্ত অপেক্ষা করবে

২০) দীন ইসলামের সেতু কী?
ক) সালাত খ) সাওম গ) হজ্জ ঘ) যাকাত

২১) ইবাদত শব্দের অর্থ কী?
ক) প্রার্থনা খ) আনুগত্য গ) দান করা ঘ) সিয়াম

২২) ইসলাম কয়টি রুকন-এর উপর প্রতিষ্ঠিত?
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) সাতটি

২৩) আমরা ঘুমানোর আগে পাক পবিত্র হয়ে আল্লাহর নাম নিয়ে ঘুমালে ঘুমানোর সময়টুকু-
ক) নিরাপদে কাটবে খ) ঘুম ভালো হবে
গ) কেউ ডাকবে না ঘ) ইবাদত হিসাবে গণ্য হবে

২৪) আল্লাহ আনুগত্য প্রকাশের মাধ্যম হিসাবে কোনটি সর্বশ্রেষ্ঠ?
ক) সালাত খ) সাওম গ) যাকাত ঘ) হজ্জ

২৫) সূর্যাস্তের পর মুয়াজ্জিন সাহেব আযান দিলেন। তখন তোমাকে কোন নামাজ আদায় করতে হবে?
ক) যোহর খ) আসর গ) মাগরিব ঘ) এশা

২৬) কবির নামাজের জন্য নিয়ত করার পর শরীরের কোথায় হাত বাঁধবে?
ক) নাভির উপরে খ) নাভির নীচে গ) বুকের উপরে ঘ) বুকের নীচে

২৭) সালাতে আহকাম পালন করতে হয়-
ক) সালাতের শেষে খ) সাওমের শেসে
গ) সালাতের ভিতরে ঘ) সালাত শুরু করার আগে

২৮) সর্বশেষ নবীর নাম কী?
ক) হযরত ইউসুফ (আঃ) খ) হযরত ঈসা
গ) হযরত মুহাম্মদ (সঃ) ঘ) হযরত মূসা (আঃ)
২৯) সিরিয়া কাবা ঘর থেকে উত্তরে অবস্থিত। সিরিয়া গাজী কোনদিকে মুখ করে সালাত আদায় করবে?
ক) পূর্ব দিকে খ) পশ্চিম দিকে গ) উত্তর দিকে ঘ) দক্ষিণ দিকে
৩০) সালাতে সূরা ফাতিহা পড়া কী?
ক) সুন্নত খ) ওয়াজিব গ) ফরজ ঘ) মুস্তাহাব
৩১) সাহু সিজদাহ্ দেওয়া হয়?
ক) প্রথম বৈঠকে খ) তাশাহ্হুদ পড়ার পর
গ) দরুদ পড়ার পর ঘ) দোয়া মাসুরা পড়ার পর
৩২) আল্লাহর ঘর হলো-
ক) বায়তুল মুকাদ্দাস মক্কা গ) মদীনা শরীফ ঘ) মাদরাসা
৩৩) তোমার ছোট ভাই তোমার নিকট জানতে চাইর, দুনিয়ার সবচেয়ে পবিত্র ও সম্মানিত স্থান কী? তুমি কোনটি বলবে?
ক) মসজিদ খ) মাদরাসা গ) মাজার ঘ) গীর্জা
৩৪) আবদ মানে কী?
ক) দুর্বল বান্দা খ) সৎ বান্দা গ) অনুগত বান্দা ঘ) জ্ঞানী বান্দা
৩৫) পবিত্রতা কিসের অঙ্গ?
ক) আকিদার খ) ইমানের গ) আখিরাতের ঘ) ইলমের
৩৬) রুকন মানে কী?
ক) বাঁশ খ) কাঠ গ) খুঁটি বা স্তম্ভ ঘ) লোহা
৩৭) হযরত মুহাম্মদ (সঃ) এর প্রথম দুধমাতা কে ছিলেন?
ক) সোয়েবা খ) আম্বিয়া গ) সালেহা ঘ) হালিমা
৩৮) নবুয়তের কত সনে মহানবি (সঃ) এর মিরাজ হয়েছিল?
ক) দশম খ) একাদশ গ) দ্বাদশ ঘ) চতুর্দশ
৩৯) জন্মের পূর্বেই পিতা মারা যান-
ক) ঈসা (আঃ) এর খ) আদম (আঃ) এর
গ) ইসমাইল (আঃ) এর ঘ) মুহাম্মদ (সঃ) এর
৪০) এক সময় মেয়ে শিশুদেরকে জীবন্ত মাটিতে পুঁতে রাখা হতো। এই সময়কে কী বলা হয়?
ক) মধ্যযুগ খ) মূর্খতার যুগ গ) প্রাচীন যুগ ঘ) আধুনিক যুগ
৪১) শৈশব ও কৈশরে আমরা কার জীবনাদর্শ অনুসরণ করব?
ক) হযরত মুহাম্মদ (সঃ) এর খ) ফেরেশতাদের
গ) আউলিয়ামে কেরামের ঘ) পিতা-মাতার
৪২) বালকদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন কে?
ক) হযরত যায়িদ (রাঃ) খ) হযরত আবু বকর (রঃ)
গ) হযরত হাসান (রাঃ) ঘ) হযরত আলী (আঃ)
৪৩) মহানবি (সঃ) আল্লাহ তায়ালার দিদার লাভের পর তাঁর কাছ থেকে কিসের নির্দেশ পান?
ক) সর্বশ্রেষ্ঠ হওয়ার খ) শেষ নবির গ) পাঁচ ওয়াক্ত সালাতের ঘ) সাওমের

৪৪) আনোয়ার সাহেব তার মেয়েকে বলেন যে, কাফিরদের সাথে এক যুদ্ধে মহানবি (সঃ) মাত্র ৩১৩ জন সাহাবি নিয়ে ১০০০ জনের বিরুদ্ধে বিজয় লাভ করেন। এটি কোন যুদ্ধ?

ক) ওহুদ যুদ্ধ খ) বদর যুদ্ধ গ) মুতার যুদ্ধ ঘ) সিফফিনের যুদ্ধ

৪৫) মহানবি (সঃ) এর দাদার নাম কি?

ক) আবু তালেব খ) আব্দুল মুত্তালিব গ) আবু লাহাব ঘ) আব্দুল্লাহ

৪৬) হযরত মুহাম্মদ (সঃ) এর জন্মের পূর্বেই কে মারা যান?

ক) মাতা আমিনা খ) আব্দুল মুত্তালিব
গ) আবু লাহাব ঘ) পিতা আব্দুল্লাহ

৪৭) নবি রাসুলগণ কেমন ছিলেন?

ক) সত্যবাদী নিলোর্ভ ও নিস্পাপ খ) সাধারণ, দূর্বল, নিলোর্ভ

৪৮) 'আল-আমিন' মানে কী?

ক) বিশ্বাস খ) বিশ্বাসী গ) সত্যবাদী ঘ) আমানতদার

৪৯) মহানবি (সঃ) কত বছর বয়সে নবুয়ত লাভ করেছিলেন?

ক) চল্লিশ খ) তেষট্টি গ) বিয়াল্লিশ ঘ) পঞ্চাশ

৫০) কোন পর্বতের গুহায় হযরত মুহাম্মদ (সঃ) ধ্যান মগ্ন থাকতেন?

ক) তুর খ) জুদি গ) সাওর ঘ) হেরা

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ ঃ ১×১৫=১৫

ক) আমরা কীভাবে আল্লাহর শোকর আদায় করবো?
খ) আমাদের দীনের নাম কী? গ) আল্লাহ্ তায়ালার আনুগত্যের নাম কী?
ঘ) কে নবি-রাসুলগণের কাছে ওহি নিয়ে আসতেন?
ঙ) ইসলামের দ্বিতীয় মৌলিক বিশ্বাস কী?চ) সালাতের আরকান কাকে বলে?
ছ) পাঁচ ওয়াক্ত সালাতের নাম লেখ। জ) ইসলামের রুকুন কয়টি ও কি কি?
ঝ) মুসাফির কাকে বলে? ঞ) হজের ফরজ কয়টি ও কি কি?
ট) তাকবিরে তাহরিমা কী? ঠ) সালাত মানুষের কী উপকার করে?
ড) সূর্যাস্তের পর কোন সালাতে ওয়াক্ত শুরু হয়? ঢ) সাহু সিজদা কী?
ণ) কুরবানির গোশত কতভাগে ভাগ করতে হয়?

৩। ক, খ, গ, ঘ সহ যে কোন ৭টি প্রশ্নের উত্তর লেখ ঃ ৫×৭=৩৫

ক) মহান আল্লাহ সহনশীল, এ গুণের প্রভাবে তুমি কি করবে? ৫টি বাক্যে লেখ। ১+৪=৫

খ) "তিনি এগুলো শুধু সৃষ্টিই করেননি, এগুলো তিনি লালন-পালনও করেছেন"। তিনি কে? তাঁর সৃষ্টির লাল-পালন সর্ম্পকে ৪টি বাক্য লেখ। ১+৪=৫

গ) তুমি সাওম পালন করবে কেন? এ সর্ম্পকে লেখ। ১+৪=৫

ঘ) "যাকাত ধনী ও গরিবের মধ্যে বৈষম্য দূর করে"-উক্তিটির তাৎপর্য ৫টি বাক্যে লিখ।

ঙ) আখিরাত জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী?

চ) 'কাদিরুন' শব্দের অর্থ কী? বুঝিয়ে লিখ।

ছ) ইবাদত কাকে বলে? ইবাদতের তাৎপর্য বর্ণনা কর।

জ) চার রাকাআত ফরজ সালাত আদায়ের নিয়ম লেখ।

ঝ) সালাতে আহকাম কাকে বলে? সালাতের আহকামগুলো লেখ।

ঞ) যাকাতের তাৎপর্য ও শিক্ষা বর্ণনা কর।

# উত্তর পত্র

১ নং প্রশ্নের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ৬ | গ | ১১ | ক | ১৬ | খ | ২১ | খ | ২৬ | খ | ৩১ | খ | ৩৬ | গ | ৪১ | ক | ৪৬ | ঘ |
| ২ | ক | ৭ | খ | ১২ | গ | ১৭ | খ | ২২ | গ | ২৭ | ঘ | ৩২ | খ | ৩৭ | ক | ৪২ | ঘ | ৪৭ | ক |
| ৩ | গ | ৮ | খ | ১৩ | খ | ১৮ | ক | ২৩ | ঘ | ২৮ | গ | ৩৩ | ক | ৩৮ | খ | ৪৩ | গ | ৪৮ | খ |
| ৪ | ক | ৯ | খ | ১৪ | খ | ১৯ | গ | ২৪ | ক | ২৯ | ঘ | ৩৪ | গ | ৩৯ | ঘ | ৪৪ | খ | ৪৯ | ক |
| ৫ | গ | ১০ | গ | ১৫ | খ | ২০ | ক | ২৫ | গ | ৩০ | গ | ৩৫ | খ | ৪০ | খ | ৪৫ | খ | ৫০ | ঘ |